নিশ্চয় আল্লাহর সর্বাধিক নিকটবর্তী মানুষ সেই, যে প্রথমে সালাম দেয়।

আবূ উমামাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “নিশ্চয় আল্লাহর সর্বাধিক নিকটবর্তী মানুষ সেই, যে
প্রথমে সালাম দেয়।” তিরমিযীর বর্ণনায় এসেছে—জিজ্ঞাসা করা হলো, ‘হে আল্লাহর রসূল! দু’জনের সাক্ষাৎকালে তাদের মধ্যে কে প্রথমে সালাম দেবে?’ তিনি বললেন, “যে মহান
আল্লাহর সর্বাধিক নিকটবর্তী।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

মানুষের মধ্যে সে ব্যক্তি বেশি উত্তম ও আল্লাহর আনুগত্যের অধিক নিকটবর্তী যে তার ভাইদেরকে অগ্রে সালাম প্রদান করে; কারণ,আল্লাহর নিকট যে পুরস্কার ও বিনিময় রয়েছে তার প্রতি আগ্রহী হয়ে সে আনুগত্যের দিকে অগ্রণী হলো এবং দ্রূত অগ্রসর হলো। ফলে সে হয়ে গেলো মানুষের মধ্যে আল্লাহর সবচেয়ে নিকটবর্তী ও তাদের মধ্য থেকে আল্লাহর সবচেয়ে অনুগত ব্যক্তি।

http://sunnah.global/hadeeth/bn/show/3621